

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৭(৩৩)শুল্ক: রপ্তানি ও বন্ড/২০০৮/৪২৫

তারিখ ২৬.০৭.২০০৯

আদেশ

বিষয়: সম্পূর্ণ রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠানে ওয়্যার হাউজে রক্ষিত ক্ষতিগ্রস্ত বা ধ্বংস প্রাপ্ত কাঁচামালের শুল্ক মওকুফের আদেশ জারী প্রসংগে।

সম্পূর্ণ রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের ওয়্যার হাউসে রক্ষিত কোন পণ্য অথবা কাঁচামাল কোন দুর্ঘটনা অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগ বা যুক্তিসংগত কারণবশত: ক্ষতিগ্রস্ত অথবা ধ্বংস প্রাপ্ত হইলে তা নিম্পত্তির বিষয়ে Customs Act, 1969 এর ধারা ২১৯বি এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ আদেশ জারী করিল:

(ক) Customs Act, 1969 এর Section 86 এর অধীন বন্ডেড ওয়্যার হাউসে রক্ষিত কোন পণ্য অথবা কাঁচামাল কোন দুর্ঘটনা, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগ বা যুক্তিসংগত কারণবশত: ক্ষতিগ্রস্ত অথবা ধ্বংসপ্রাপ্ত হইলে ঘটনা সংঘটন পরবর্তী দুই কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট বন্ডদাতা শুল্ক কমিশনার (বন্ড) বরাবর ফরম “ক” এ একটি ঘোষণাপত্র প্রদান করিবেন। ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত পণ্যের পরিমাণ নিরূপণ না হওয়া পর্যন্ত ওয়্যার হাউস হইতে কোন পণ্য অথবা কাঁচামাল অপসারণ কিংবা ওয়্যার হাউসে কোন পণ্য প্রবেশ করানো যাইবে না।

(খ) সংশ্লিষ্ট বন্ডদাতার নিকট হইতে ফরম “ক” এ ঘোষণাপত্র পাওয়ার পর শুল্ক কমিশনার (বন্ড) ঘোষণাপত্রটি সংশ্লিষ্ট নথিতে উপস্থাপন করিয়া উপানুচ্ছেদ “গ” এ উল্লিখিত কমিটির নিকট ধ্বংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্ত পণ্য অথবা কাঁচামালের প্রকৃত পরিমাণ ও তাহার উপর প্রযোজ্য শুল্ক-করাদি নির্ধারণপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য ঘোষণাপত্র ও অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি প্রেরণ করিবেন।

(গ) ধ্বংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্ত পণ্য অথবা কাঁচামালের পরিমাণ এবং প্রযোজ্য শুল্ক-কর নিরূপণের জন্য সংশ্লিষ্ট শুল্ক কমিশনার (বন্ড) নিম্নরূপ কমিটি গঠন করিবেন, যথা:-

(ক) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা	-	দলনেতা
(খ) সংশ্লিষ্ট সার্কেল সুপারিনটেনডেন্ট	-	সদস্য
(গ) সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা	-	সদস্য
(ঘ) সংশ্লিষ্ট এসোসিয়েশনের একজন প্রতিনিধি	-	সদস্য

(ঘ) ঘোষণাপত্র ও আনুসঙ্গিক দলিলাদি পাওয়ার পর উপানুচ্ছেদ-গ এ বর্ণিত কমিটি দুর্ঘটনার বিষয়টি সরেজমিনে তদন্ত করিয়া ধ্বংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্ত পণ্য অথবা কাঁচামালের পরিমাণ এবং উক্ত পরিমাণ পণ্য অথবা কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক-করাদির প্রকৃত পরিমাণ নির্ধারণ করিয়া শুল্ক কমিশনার (বন্ড) এর নিকট ১৫(পনের) দিনের মধ্যে একটি চূড়ান্ত প্রতিবেদন দাখিল করিবেন। প্রতিবেদনে পণ্য অথবা কাঁচামাল ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ, বিশেষজ্ঞ মতামত (প্রযোজ্য ক্ষেত্রে), ফায়ার সার্ভিস বিভাগের মতামত এবং বীমাকারী কর্তৃপক্ষের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সন্নিবেশিত থাকিতে হইবে।

(ঙ) শুল্ক কমিশনার (বন্ড) কমিটির চূড়ান্ত প্রতিবেদন পাওয়ার পর প্রতিবেদনের সুপারিশ ও বীমাকারী কর্তৃপক্ষের Claim Settlement/Final Payment প্রদানের ভিত্তিতে শুল্ক-করাদি মওকুফের আদেশ জারী করিবেন।

ফরম-‘ক’

দুর্ঘটনা, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগ বা যুক্তিসংগত কারণবশত: ক্ষতিগ্রস্ত অথবা ধ্বংসপ্রাপ্ত পণ্য/কাঁচামালের শুল্ক করাদি মওকুফের লক্ষ্যে ঘোষণাপত্র

(section 115)

বরাবর

কমিশনার,  
..... কমিশনারেট  
.....।

জনাব

নিবেদন এই যে, আমি/আমরা এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, গত ..... তারিখ ..... ঘটিকায় ..... কারণে নিম্নবর্ণিত পণ্য/কাঁচামাল, যাহা The Customs Act, 1969 এর Section 86 এর অধীনে বন্ড গুদামে গুদামজাত ছিল তাহা সম্পূর্ণ/আংশিক ক্ষতিগ্রস্ত/ধ্বংস প্রাপ্ত হওয়ায় The Customs Act, 1969 এর Section 115 অনুযায়ী ধ্বংসপ্রাপ্ত/ক্ষতিগ্রস্ত পণ্য/কাঁচামালের শুল্ক-করাদি মওকুফের জন্য ঘোষণা প্রদান করিতেছি।

- ০১। আবেদনকারী : (ক) নাম:  
(খ) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:  
(গ) বন্ড লাইসেন্স নম্বর ও তারিখ:  
(ঘ) মুসক নিবন্ধন নম্বর:  
(ঙ) টিআইএন নম্বর:  
(চ) বীমার রশিদ নং ও তারিখ:
- ০২। রপ্তানি এলসি (ব্যংক কর্তৃক সত্যায়িত) (যদি সম্ভব হয়) : নম্বর ও তারিখ:
- ০৩। আমদানি এলসিসহ অন্যান্য দলিলাদি: : (ক) নম্বর ও তারিখ:  
(কাস্টমস কর্তৃক সীল ও স্বাক্ষরিত এবং লিয়েন (খ) ইনভয়েস নং ও তারিখ:  
ব্যংক কর্তৃক সত্যায়িত) (যদি থাকে) (গ) বি/এল, এওয়ারওয়ে বিল, ডেলিভারী চালান নম্বর

ও তারিখ:

(ঘ) বি/ই নম্বর ও তারিখ:

(ঙ) প্যাকিং লিস্ট নম্বর ও তারিখ:

(চ) ইউডি নম্বর ও তারিখ:

- ০৪। দুর্ঘটনার কারণ :  
০৫। দুর্ঘটনার বিষয়টি নিকটস্থ থানাকে অবহিত করিলে :  
তাহার জিডি নং ও তারিখ  
০৬। ক্ষতিগ্রস্ত পণ্য/কাঁচামাল এর (যদি সম্ভব হয়) : (ক) বিবরণ : (১)  
(২)  
(খ) পরিমাণ : (১)  
(২)  
(গ) আনুমানিক মূল্য:

আমি আরও ঘোষণা করিতেছি যে, আবেদনে বর্ণিত তথ্যাদি ও দলিলাদি যদি পরবর্তীকালে ভুল/মিথ্যা প্রমাণিত হয়, তাহা হইলে শুল্ক কর্তৃপক্ষের আইনসম্মত যে কোন শাস্তিমূলক সিদ্ধান্ত মানিয়া নিতে বাধ্য থাকিব।

তারিখ:

স্বাক্ষর:

আবেদনকারীর নাম:

স্বাক্ষর:

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

(ম. সফিউজ্জামান)

দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্দ)